

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.৭০২.০২৮.০০.০০.২৭০.২০১২-২৭৫৬

তাং ২৪/০১/২০১৭ খ্রিঃ

প্রেরকঃ আবুল কালাম শামসুদ্দিন (যুগ্ম- সচিব)
প্রকল্প পরিচালক।

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
প্রধানমন্ত্রীর কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ-বছরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুমোদিত "আশ্রয়ণ-২ (দারিদ্র বিমোচন ও পুনর্বাসন)" শীর্ষক প্রকল্প কোড নং ৫-০৩৩১-৬৫৩০-৭৩১১ হতে আশ্রয়ণ-২ প্রকল্পে পুনর্বাসিতদের ঋণ প্রদানকল্পে উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

মহোদয়,

প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-২ প্রকল্পে পুনর্বাসিতদের ক্ষুদ্র ঋণ প্রদানকল্পে নিম্নোক্ত উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে বর্ণিতভাবে মোট ২০,০০,০০০.০০ (বিশ লক্ষ) টাকা বরাদ্দ করছি। উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অগ্রিম উত্তোলনের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাগণের বরাবরে অথরিটি প্রেরণের জন্য অনুরোধ করছি।

ক্রমিক নং	জেলার নাম	উপজেলার নাম	প্রকল্পের নাম	নির্মিত ব্যারাক সংখ্যা	পুনর্বাসিত পরিবার সংখ্যা	পেশাভিত্তিক প্রশিক্ষণ (টাকার পরিমাণ)
১	ময়মনসিংহ	গফরগাঁও	আলতাফ হোসেন গোলন্দাজ-২	২০	১০০	২০০০০০০.০০
			মোট	২০	১০০	২০,০০,০০০.০০

- ০২। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এ অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসেবে কাজ করবেন।
- ০৩। ঋণ প্রদান, আদায়, হিসাব সংরক্ষণ ইত্যাদি " আশ্রয়ণ প্রকল্পের ঋণ প্রদান নীতিমালা" মোতাবেক পরিচালনা করতে হবে।
- ০৪। পুনরাদেশ না দেওয়া পর্যন্ত উক্ত অর্থ ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হবে।
- ০৫। "আশ্রয়ণ প্রকল্পের পুনর্বাসিতদের ঋণ তহবিল" শিরোনামে যে কোন রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকে একটি পৃথক এস,টি,ডি একাউন্ট খুলে আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়ন উপজেলা টাঙ্কফোর্সের সভাপতি তথা উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমবায় অফিসারের যৌথ স্বাক্ষরে উক্ত অর্থের লেনদেন করতে হবে। এ অর্থ ব্যাংক হিসাবে রেখে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহার করতে হবে। এ অর্থ ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হবে বিধায় এটি ৩০ জুনের হিসাবের সাথে সংশ্লিষ্ট নয়। কোনমতেই এ অর্থ ফেরৎ দেয়া যাবে না।
- ০৬। চলতি অর্থ বছরের ২য় কিস্তি থেকে ২০,০০,০০০.০০ (বিশ লক্ষ) টাকা মাঠ পর্যায়ে ক্ষুদ্র ঋণ বিতরণের জন্য এ অর্থ ব্যয় হবে। এতে অর্থ বিভাগ, অর্থমন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।
- ০৭। এ ব্যয় চলতি বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ৫-০৩৩১-৬৫৩০-৭৩১১ "আশ্রয়ণ-২ প্রকল্প (দারিদ্র বিমোচন ও পুনর্বাসন)" শীর্ষক খাত হতে সংকুলান করা হবে।
- ০৮। উক্ত টাকা উত্তোলনের পর জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট কোডে হিসাবভুক্ত করতে হবে।

০৯। ০৫ নং অনুচ্ছেদে বর্ণিত ব্যাংক হিসাব খুলে ঋণের টাকা জমা পূর্বক একটি ব্যাংক বিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

আপনার একান্ত

- স্বাঃ -

(আবুল কালাম শামসুদ্দিন)

প্রকল্প পরিচালক

৯১২৪১০০

নং - ০৩.৭০২.০২৮.০০.০০.২৭০.২০১২- ১১ ৫৮

তাং ২ ৪/০১/২০১৭ খ্রিঃ

অনুলিপি কার্যার্থে :

১. উপজেলা নির্বাহী অফিসার,.....।
২. জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসার,।
৩. উপজেলা সমবায় অফিসার,.....।



(আবুল কালাম শামসুদ্দিন)

প্রকল্প পরিচালক

তাং ১/০১/২০১৭ খ্রিঃ

নং - ০৩.৭০২.০২৮.০০.০০.২৭০.২০১২-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১. নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
২. অতিরিক্ত-সচিব(বাজেট অনুবিভাগ-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩. জেলা প্রশাসক,।
৪. যুগ্ম নিবন্ধক, সমবায় অধিদপ্তর,.....বিভাগ।
৫. জেলা সমবায় অফিসার,.....।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, আশ্রয়ণ-২ প্রকল্প।
৭. অফিস নথি।

(আবুল কালাম শামসুদ্দিন)

প্রকল্প পরিচালক